

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয়  
কার্যালয়, রাজশাহী



[dnrcrp.rajshahidiv.gov.bd](http://dnrcrp.rajshahidiv.gov.bd)

নম্বর ২৬.০৪.৮১০০.৫০১.১৭.০০৭.২০.৩১৯

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৮

০৬ মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ০৬ মার্চ ২০২২ তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০২ টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের বোয়ালিয়া ও চন্দ্রিমা থানায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ০৬/০৩/২০২২ খ্রি: তারিখে উপ-পরিচালক জনাব অপূর্ব অধিকারী ও সহকারী পরিচালক জনাব হাসান-আল-মারুফ এর নেতৃত্বে রাজশাহী মহানগরের বোয়ালিয়া ও চন্দ্রিমা থানাধীন এলাকায় অভিযান পরিচালিত হয়। উপ-পরিচালক জনাব অপূর্ব অধিকারী পাওয়ার হাউজ মোড় এলাকায় শান্ত প্রান্ত এন্টারপ্রাইজ কে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ৩,০০০/- টাকা জরিমানা করেন। অপরদিকে সহকারী পরিচালক জনাব হাসান-আল-মারুফ হাদির মোড় এলাকায় সাহাবুদ্দিন স্টোর কে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৫ অনুযায়ী ৫০,০০০/- টাকা ও নামোভদ্রা এলাকায় মনোয়ার স্টোর কে মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী ২,০০০/- টাকা জরিমানা করেন। আজকের ০২টি অভিযানে সর্বমোট ৫৫,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট ও মাস্ক বিতরণ করা হয় ও আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

APR

৬-৩-২০২২

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০২৫৮৮৮৫০৭৭৪

ফ্যাক্স: ০২৫৮৮৮৫৫৪০৬

ইমেইল: dd-

[rajshahi@dnrcrp.gov.bd](mailto:rajshahi@dnrcrp.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৩) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।

- ৪) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৭) সহকারী পরিচালক (মেট্রো), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৮) অফিস কপি।